


আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল

ঢাকা সেনানিবাস, ঢাকা।

আর্মি ঃ ৮৮৭১২৩৪-৩৯ এক্সঃ ৭৭০২ web: www.acps.edu.bd


# প্রসপেক্টাস








আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল

ADAMJEE CANTONMENT PUBLIC SCHOOL

ঢাকা সেনানিবাস, ঢাকা।






# এক নজরে আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল

















# তথ্যসূচি

- স্কুল পরিচিতি
- একাডেমিক কার্যক্রম
- শিক্ষা পদ্ধতি
- মাধ্যমিক পর্যায়ে বিভিন্ন বিভাগের বিষয়সমূহ
- পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি
- মূল্যায়ন স্বচ্ছতা
- ছাত্র-শিক্ষক অভিভাবক মুক্ত আলোচনা
- সহশিক্ষা কার্যক্রম
- ভর্তি প্রক্রিয়া
- স্কুলের নিয়ম-শৃঙ্খলা
- ব্যক্তিগত প্রতিবেদন বা ডায়েরি লিখন
- এক নজরে বিগত বছরের ফল
- শিক্ষার্থীদের ইউনিফর্ম
- ক্লাসের সময়সূচি
- মূল্যবোধ ও প্রতিজ্ঞা
- উন্নয়নমূলক কর্মকান্ড
- স্কুল পরিপূর্ণ ডিজিটালাইজড করার কাজ চলছে

## স্কুল পরিচিতি

একুশ শতকের প্রযুক্তি মনস্কতায় বহমান সমকালে আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল স্বনামে সুখ্যাতিতে একটি সফল শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সর্বক্ষেত্রে কৃতিত্বের স্বাক্ষর বহন করে চলেছে। তথ্য প্রবাহের উৎকর্ষতার অগ্রযাত্রায় তরুণ সমাজকে প্রযুক্তি নির্ভর শিক্ষায় গড়ে তোলার কর্মকাণ্ড অব্যাহত রয়েছে। শিক্ষার্থীদের মেধা-বিকাশে সময়োপযোগী শিক্ষা ব্যবস্থার সুশৃঙ্খল পরিবেশে, নৈতিক আদর্শের মানস গঠনে এ প্রতিষ্ঠান অগ্রণী ভূমিকা পালন করছে। আলোকিত মানুষ গড়ার প্রত্যয়ে, বিস্তৃত খোলা সবুজ প্রান্তরে ১৯৬০ সালে প্রায় নয় একর জমিতে একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার নান্দনিক পরিকল্পনা গ্রহণ করেন শিল্পপতি আলহাজ্ব গুল মোহাম্মদ আদমজী। ইংল্যান্ডের আদি পাবলিক স্কুলের আঙ্গিকে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়।

শিক্ষার্থী নির্ভর আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল প্রথম হতে দশম শ্রেণি পর্যন্ত প্রভাতি ও দিবা শাখার সমন্বয়ে গঠিত। প্রভাতি শাখায় বাংলা মাধ্যমের পাশাপাশি প্রথম হতে দশম শ্রেণি পর্যন্ত ইংলিশ ভার্সন চালু রয়েছে। অত্র প্রতিষ্ঠানে বিজ্ঞান বিভাগ ও ব্যবসায় শিক্ষা বিভাগে অধ্যয়নের সুযোগ রয়েছে।


প্রধান পৃষ্ঠপোষক, এরিয়া কমান্ডার, সদর দপ্তর লজিস্টিক্স এরিয়ার পৃষ্ঠপোষকতায় এবং সভাপতি স্কুল পরিচালনা পর্ষদ, কমান্ডার ৪৬ স্বতন্ত্র পদাতিক ব্রিগেড এর সুযোগ্য নেতৃত্বে যথাযথ দিক নির্দেশনায় বিদ্যালয়টি পরিচালিত হচ্ছে। বর্তমানে এর ১৬তম অধ্যক্ষ হিসেবে কর্মরত আছেন **লে. কর্নেল মোহাম্মদ মনজুর মোরশেদ,** পিএসসি। ২১৬ জন দক্ষ, নিবেদিতপ্রাণ, যোগ্য ও প্রশিক্ষিত শিক্ষক নিষ্ঠার সাথে পাঠদানে মনোনিবেশ করছেন। ডিজিটাল কন্টেন্ট ও স্মার্টবোর্ডে শিক্ষার্থীদের আধুনিক সময়োপযোগী শিক্ষাদানের কার্যক্রম চলছে। শিক্ষার পাশাপাশি সহপাঠক্রমিক কার্যাবলিতেও এ প্রতিষ্ঠান অগ্রগামী।

'শিক্ষা, শৃঙ্খলা ও চরিত্র'-এই ত্রয়ীর সন্নিবেশে আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলে (সংক্ষেপে ACPS) রয়েছে সবুজ খোলা মাঠ, সুদৃশ্য মূলভবন, মসজিদ, আধুনিক পাঠাগার, কম্পিউটার ল্যাব, যুগোপযোগী বিজ্ঞানাগার, অভিভাবকদের সুপরিসর অপেক্ষাগার, মাল্টিপারপাস হলরুম, দৃষ্টিনন্দন ওয়াকওয়ে, বিশুদ্ধ সুপেয় পানির ব্যবস্থা, কর্মসহায়ক দক্ষ কুশীলব ও সুযোগ্য নেতৃত্বের সুষম সমন্বয়ে সুশৃঙ্খল পরিবেশ।



# একাডেমিক কার্যক্রম

সুযোগ্য পরিচালনা পর্ষদের যথাযথ দিকনির্দেশনায় এবং অধ্যক্ষের নিবিড় তত্ত্বাবধানে প্রতিবছর ০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়। জাতীয় ও আন্তর্জাতিক মানের দক্ষ, যোগ্য ও দায়িত্বশীল নেতৃত্বের কথা চিন্তা করে বিদ্যালয়ে পাঠদানে অন্তর্ভুক্ত করা হয়েছে বাংলা মাধ্যম ও ইংলিশ ভার্সন। একনজরে একাডেমিক ও প্রশাসনিক কার্যধারা :




# শিক্ষা পদ্ধতি

অত্র প্রতিষ্ঠানে প্রভাতি শাখায় বাংলা মাধ্যমের পাশাপাশি ইংলিশ ভার্সন (English Version) রয়েছে। দিবা শাখায় শুধুমাত্র বাংলা মাধ্যমে পাঠদান করা হয়। উভয় মাধ্যমে প্রথম থেকে দশম শ্রেণি পর্যন্ত বাংলাদেশ টেক্সট বুক বোর্ডের পাঠক্রম অনুযায়ী পাঠদান করা হয়।

# মাধ্যমিক পর্যায়ে বিভিন্ন বিভাগের বিষয়সমূহ

| | বিজ্ঞান | ব্যবসায় শিক্ষা |
|---|---|---|
| আবশ্যিক | ১। বাংলা | ২। বাংলা |
| | ২। ইংরেজি | ২। ইংরেজি |
| | ৩। গণিত | ৩। গণিত |
| | ৪। ধর্ম ও নৈতিক শিক্ষা | ৪। ধর্ম ও নৈতিক শিক্ষা |
| | ৫। বাংলাদেশ ও বিশ্বপরিচয় | ৫। সাধারণ বিজ্ঞান |
| | ৬। শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য বিজ্ঞান | ৬। শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য বিজ্ঞান |
| | ৭। আইসিটি | ৭। আইসিটি |
| | ৮। ক্যারিয়ার শিক্ষা | ৮। ক্যারিয়ার শিক্ষা |
| নৈর্বাচনিক বিষয় (৩টি) | ১। পদার্থ | ১। হিসাব বিজ্ঞান |
| | ২। রসায়ন | ২। ব্যবসায় উদ্যোগ |
| | ৩। উচ্চতর গণিত/জীববিজ্ঞান | ৩। ফিন্যান্স ও ব্যাংকিং |
| ঐচ্ছিক বিষয় | ১। উচ্চতর গণিত | ১। কৃষি শিক্ষা |
| | ২। জীববিজ্ঞান | |

## পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি

- ৫ম, ৮ম ও দশম শ্রেণি ব্যতিত অন্যান্য শ্রেণিতে শিক্ষাবর্ষকে ২ পর্বে বিভক্ত করা হয়েছে। ২টি পার্বিক পরীক্ষা এবং প্রতি পার্বিকের মাঝে ২টি শ্রেণি অভীক্ষা অনুষ্ঠিত হয়। মোট ৪টি শ্রেণি অভীক্ষা ও ২টি পার্বিক পরীক্ষার প্রাপ্ত নম্বরের সমন্বয় করা হয়।
- দুই পরীক্ষার গড় নম্বর বের করে শ্রেণিভিত্তিক নির্ধারিত পাস নম্বরের ভিত্তিতে উপরের শ্রেণিতে উত্তীর্ণ করা হয়। পরীক্ষা পাসের নম্বর প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ৫০% এবং ষষ্ঠ শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত ৪৫%।
- ৫ম ও ৮ম শ্রেণিতে ১ম শ্রেণি অভিক্ষা এবং ১ম পার্বিক পরীক্ষার পর ৩টি মডেল টেস্ট নেয়া হয়। দশম শ্রেণিতে ১ম শ্রেণি অভীক্ষার পর ১ম মডেল টেস্ট এবং ১ম পার্বিক পরীক্ষা, প্রাক-নির্বাচনি পরীক্ষা ও নির্বাচনি পরীক্ষার পর ২টি পূর্ণাঙ্গ মডেল টেস্ট এবং ১টি নৈর্ব্যক্তিক অভীক্ষা নেয়া হয়।
- এসএসসি পরীক্ষার জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নিয়মিত কোচিং করানো হয় এবং কোচিং ক্লাসে মডেল টেস্ট নেয়া হয়। কোচিং ক্লাসে অংশগ্রহণ ছাত্রদের জন্য বাধ্যতামূলক। পাবলিক পরীক্ষায় অংশগ্রহণকারী পঞ্চম ও অষ্টম শ্রেণির ছাত্রদের জন্য বিশেষ কোচিং ও মডেল টেস্টের ব্যবস্থা আছে। মেধা উন্নয়নে সরকারি নিয়মানুযায়ী অভিজ্ঞ শিক্ষক দ্বারা স্কুলে কোচিং করানো হয়।

## মূল্যায়ন স্বচ্ছতা

প্রতি শ্রেণি অভীক্ষা প্রথম পার্বিক/ দ্বিতীয় পার্বিক পরীক্ষার শেষে উত্তরপত্র মূল্যায়নের পর শিক্ষার্থীদের মাধ্যমে সকল উত্তরপত্র সংশ্লিষ্ট অভিভাবকদের দেখার জন্য বাসায় প্রদান করা হয়। উত্তরপত্র মূল্যায়ন সম্পর্কে অভিভাবকদের অভিমত ও পরামর্শ গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়।

## ছাত্র-শিক্ষক অভিভাবক মুক্ত আলোচনা

প্রতি শিক্ষাবর্ষে এক বা একাধিকবার অভিভাবক-শিক্ষক ও অধ্যক্ষের সমন্বয়ে মুক্ত আলোচনার ব্যবস্থা রয়েছে। সে আলোচনায় অভিভাবকদের পক্ষ থেকে একাডেমিক ও প্রশাসনিকসহ যে কোন বিষয়ে মুক্তভাবে কথা বলা ও প্রশ্ন করার ব্যবস্থা রাখা হয়েছে, যাতে বিদ্যালয়ের পক্ষ থেকে জবাবদিহিতার ব্যবস্থা থাকে।

## সহশিক্ষা কার্যক্রম

পাঠ্যপুস্তককেন্দ্রিক জ্ঞানের পাশাপাশি সৎ, দেশপ্রেমিক ও যোগ্যনেতৃত্ব গঠনে শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশে অত্র বিদ্যালয়ে রয়েছে সহশিক্ষাক্রমিক নানান কার্যক্রম। ফজলুর রহমান খান, ডাঃ মোহাম্মদ ইব্রাহীম, মহাকবি কায়কোবাদ, প্রখ্যাত চিত্রশিল্পী জয়নুল আবেদীন, বাঙালি জাতির শ্রেষ্ঠ এই কুশীলবদের নামানুসারে সহশিক্ষা কার্যক্রম পরিচালনার্থে রয়েছে চারটি হাউজ। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক সপ্তাহ, বার্ষিক ম্যাগাজিন প্রকাশ, বিতর্ক, আবৃত্তি, সংগীত, চিত্রাংকন, সাধারণ জ্ঞান, গণিত অলিম্পিয়ার্ড, বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস উদযাপন, আন্তঃক্যান্ট বিতর্ক প্রতিযোগিতা, টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতাসহ সৃজনশীল প্রতিভা বিকাশে জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে অত্র বিদ্যালয়ের শিক্ষার্থীদের রয়েছে সফল অংশগ্রহণ। ‘সুস্থ দেহে, সুন্দর মন’, এই ধারণাকে লালন করতে ক্লাসের অবসরে শিক্ষার্থীদের চিত্তবিনোদনের জন্য রয়েছে-দাবা, ক্যারম, টেবিল টেনিস, ফুটবল, ক্রিকেট, বাস্কেটবল ইত্যাদি খেলার আয়োজন।

**বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতাঃ** অত্র বিদ্যালয়ে একটি বিশেষ ঐতিহ্য হচ্ছে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা। ক্রীড়া শিক্ষকদের সঠিক প্রশিক্ষণে প্রশিক্ষিত শিক্ষার্থীরা বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করে।





**সাংস্কৃতিক সপ্তাহঃ** শিক্ষার্থীদের সংস্কৃতিমনা করে তোলার উদ্দেশ্য সপ্তাহব্যাপী সংগীত, আবৃত্তি, আলোচনা, লোকগানসহ নানা সাংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করা হয়ে থাকে।

**বার্ষিক ম্যাগাজিনঃ** শিক্ষার্থীর সৃজনশীল চিন্তাকে অনুপ্রেরণা দিতে প্রতি বছর অত্র বিদ্যালয়ে বর্ণিল বার্ষিকী ‘প্রসূন’ প্রকাশ করা হয়ে থাকে। কবিতা, ছড়া, ছোটগল্প, কৌতুক, চিত্রাংকনসহ সাহিত্যের নানা দিকের সমাবেশ ঘটে এই ম্যাগাজিনে।

**বিতর্কঃ** ‘যুক্তিতে মুক্তি’ এই চিন্তাকে লালন করে অত্র বিদ্যালয় বিভিন্ন হাউজের শিক্ষার্থীরা আন্তঃ হাউজ, আন্তঃ ক্যান্ট পাবলিক স্কুল, গণমাধ্যমসহ জাতীয় পর্যায়ের সকল বিতর্ক প্রতিযোগিতায় সনাতনী, বারোয়ারি ও সংসদীয় ধারার বিতর্ক প্রতিযোগিতায় সাফল্যের ধারা



বজায় রেখেছে। ২০১৪ ও ২০১৫ সালে পরপর দুবার আন্তঃ ক্যান্টনমেন্ট সংসদীয় বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল। এ ছাড়াও জাতীয় টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতার বিভিন্ন পর্যায়ে সফলতার স্বাক্ষর রেখেছে।

**গণিত অলিম্পিয়াড:** আন্তঃ ক্যান্ট পাবলিক স্কুলগুলোর মধ্যে অত্র স্কুল গণিত অলিম্পিয়াড প্রতিযোগিতায় ২০১৪ ও ২০১৫ সালে ১ম স্থান অধিকার করে।

**বিভিন্ন জাতীয় দিবস উদযাপন:** বাঙালি জাতির রয়েছে সুদীর্ঘ ইতিহাস, সংস্কৃতি ও সংগ্রাম। শিক্ষার্থীদের কাছে এর আবেদন তুলে ধরতে প্রতিষ্ঠানটিতে যথাযথভাবে পালিত হয়ে থাকে ২১শে ফেব্রুয়ারি (আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস), ১৭ই মার্চ (জাতীয় শিশু কিশোর দিবস), ২৬ শে মার্চ (স্বাধীনতা দিবস), ১৪ই এপ্রিল (পহেলা বৈশাখ), ১৫ই আগস্ট (জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মহাপ্রয়াণ দিবস), ১৪ই ডিসেম্বর (শহীদ বুদ্ধিজীবি দিবস), ১৬ই ডিসেম্বর (মহান বিজয় দিবস) সহ অন্যান্য দিবসসমূহ।

## কম্পিউটার ল্যাব

তথ্য-প্রযুক্তি বর্তমান শিক্ষা ব্যবস্থায় গুণগত শিক্ষার জন্য একটি প্রধান নিয়ামক ও পূর্বশর্ত। অত্র বিদ্যালয়ে তথ্য প্রযুক্তি শিক্ষার জন্য আধুনিক প্রযুক্তি নির্ভর ২০টি করে কম্পিউটার সমন্বয়ে ২টি কম্পিউটার ল্যাব রয়েছে। তাছাড়া শিক্ষকদের ব্যবহারের জন্যও ইন্টারনেট সংযোজিত পর্যাপ্ত কম্পিউটার রয়েছে। সুযোগ্য শিক্ষকদের তত্ত্বাবধানে তথ্য প্রযুক্তি সম্পর্কিত তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস পরিচালনা করা হয়।





## বিজ্ঞানাগার

রসায়নবিদ্যা, পদার্থবিদ্যা, জীববিদ্যা ও সাধারণ বিজ্ঞান ইত্যাদির ব্যবহারিক ক্লাসের জন্য অত্যাধুনিক যন্ত্রপাতি ও উপাদানসমৃদ্ধ পৃথক বিজ্ঞানাগার রয়েছে।

## গ্রন্থাগার



বিদ্যালয়ের মূল ভবনের পঞ্চম তলায় সুপরিসর স্থানে সুসজ্জিত একটি লাইব্রেরি রয়েছে। ধর্ম, দর্শন, বিজ্ঞান, কল্প-বিজ্ঞান, বিভিন্ন বিষয়ভিত্তিক সহায়ক গ্রন্থসহ মোট গ্রন্থের সংখ্যা প্রায় ৬০০০। সকাল ০৭৩০ ঘটিকা থেকে বিকাল ১৭০০ ঘটিকা পর্যন্ত লাইব্রেরি ছাত্র ও শিক্ষকদের জন্য উন্মুক্ত। এছাড়া শিক্ষক ও শিক্ষার্থী সকলের পড়াশুনা ও গবেষণার জন্য কার্ডের মাধ্যমে লাইব্রেরি থেকে বই বাসায় নেয়ার ব্যবস্থা রয়েছে। লাইব্রেরির সুষ্ঠু তত্ত্বাবধানে রয়েছে অত্যন্ত কর্মদক্ষ লাইব্রেরিয়ান ও লাইব্রেরিয়ান সহযোগী।

## প্রাথমিক চিকিৎসা কেন্দ্র



প্রাথমিক চিকিৎসার বিবিধ ব্যবস্থা, বেড, নিত্যপ্রয়োজনীয় ঔষধসহ তাৎক্ষণিক সুস্থ্যতা ফিরিয়ে আনতে বিদ্যালয়ের নীচতলায় রয়েছে ছাত্রদের চিকিৎসার জন্য অত্যন্ত সুন্দর একটি কক্ষ। প্রাথমিক চিকিৎসা কেন্দ্রের দায়িত্বে রয়েছেন অত্যন্ত অভিজ্ঞ ও কর্মদক্ষ একজন নার্সিং সহকারী।

## ভর্তি প্রক্রিয়া

- প্রতিবছর নভেম্বর মাসে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে প্রথম শ্রেণি বাংলা মাধ্যম ও ইংলিশ ভার্সনে ছাত্র ভর্তি করা হয়।
- **ভর্তির কার্যক্রম:** ০৫/১১/২০১৬ হতে ২৯/১১/২০১৬ তারিখ পর্যন্ত অনলাইনে (www.acps.edu.bd) ভর্তির আবেদনের পর লটারির মাধ্যমে ভর্তির জন্য নির্বাচিত করা হবে। নির্বাচিত শিক্ষার্থীদেরকে ৩১ ডিসেম্বরের মধ্যে ভর্তি হতে হবে।

➢ সাক্ষাতকারের সময় অবশ্যই ভর্তির আবেদনের কপি সঙ্গে আনতে হবে।

➢ চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময় অবশ্যই ভর্তির আবেদনের কপি জমা দিতে হবে

## স্কুলের নিয়ম-শৃঙ্খলা

➢ শিক্ষার্থীদের প্রতিদিন প্রভাতি শাখায় সকাল ০৭৩০ ঘটিকা এবং দিবা শাখায় বেলা ১২৩০ ঘটিকার মধ্যে স্কুলে উপস্থিত হতে হবে।

➢ শ্রেণি কার্যক্রম শুরুর পূর্বে সমাবেশ অনুষ্ঠিত হয়। শ্রেণিশিক্ষকগণ শিক্ষার্থীদের শৃঙ্খলা তদারকি করেন এবং প্রেষণামূলক আলোচনা ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে মতবিনিময় করেন।

➢ নিয়মিত স্কুল কার্যক্রম চালু থাকা অবস্থায় শিক্ষার্থীদের উপস্থিতি বাধ্যতামূলক। পরপর ৩ দিন অনুপস্থিত থাকলে অনুপস্থিতির কারণ ব্যাখ্যাসহ অভিভাবকের লিখিত আবেদনপত্র জমা দিতে হবে। কোন শিক্ষার্থী অসুস্থ্য হলে তাৎক্ষণিকভাবে প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অবহিত করতে হবে, অন্যথায় স্কুলের বিধি অনুসারে ব্যবস্থা নেয়া হবে।

➢ প্রত্যেক শিক্ষার্থী পাঠ্যবই, স্কুল ডায়েরি, বর্ষপঞ্জি ও সিলেবাস সংশ্লিষ্ট শ্রেণিশিক্ষক হতে সংগ্রহ করবে। ডায়েরিতে অভিভাবকের ঠিকানা লিখে ও নমুনা স্বাক্ষর নিয়ে সংশ্লিষ্ট শ্রেণিশিক্ষকের নিকট জমা দিয়ে স্বাক্ষর যাচাই করে নিতে হবে। ডায়েরি ব্যবহার করা প্রত্যেক শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

➢ স্কুল চলাকালে সকল শিক্ষার্থীর পরিচয়পত্র দৃশ্যমান রাখতে হবে।

➢ বাসার ঠিকানা ও মোবাইল নম্বর পরিবর্তন হলে সাথে সাথে ডায়েরিতে লিখে দিতে হবে। জরুরি কোন কারণে যোগাযোগের জন্য ব্যবহৃত অন্তত দুটো ফোন নম্বর দিতে হবে।



- অভিভাবক দিবসে অভিভাবকের উপস্থিতি বাধ্যতামূলক।
- ক্লাস চলাকালীন সুনির্দিষ্ট কারণ বা অনুমতি ছাড়া অভিভাবকগণের স্কুল-অভ্যন্তরে প্রবেশ নিষেধ।
- শিক্ষার্থীগণ বিদ্যালয়ের পশ্চিম পার্শ্বের ওভারব্রিজ দিয়ে রাস্তা অতিক্রম করবে। যারা গাড়ী ব্যবহার করে তারা বিদ্যলয়ের পূর্ব দিকের (মঈনুল রোড) গেট দিয়ে আসা-যাওয়া করবে।
- ছুটির পর শিক্ষার্থীদের সুশৃঙ্খলভাবে লাইন করে স্কুল ত্যাগ করতে হবে।
- বাসা থেকে টিফিন নিয়ে আসবে, প্রয়োজন বোধে স্কুল ক্যান্টিন থেকে টিফিন সংগ্রহ করা যাবে। যেখানে সেখানে ময়লা ফেলা যাবে না।
- ক্লাস চলাকালে বাইরে বারান্দায় অথবা মাঠে যাওয়া সম্পূর্ণ নিষেধ।

## ব্যক্তিগত প্রতিবেদন বা ডায়েরি লিখন

শ্রেণি শিক্ষক ও বিষয় শিক্ষকদের সাথে অভিভাবকবৃন্দের যোগাযোগের সেতুবন্ধনের মাধ্যম হিসেবে ব্যক্তিগত ডায়েরি লিখন ব্যবস্থা অত্র প্রতিষ্ঠানে চালু রয়েছে। শিক্ষার্থীদের আচরনিক সমস্যা, পড়াশুনা শেখা না শেখা, বাড়ির কাজ সঠিকভাবে না আনা, মাসিক ও পার্বিক পরীক্ষার ফলাফল অভিভাবকদের অবহিতকরণে এই ডায়েরি অত্যন্ত গুরুত্বহ। ডায়েরির শুরুতেই রয়েছে বিদ্যালয়ের সকল শিক্ষক/শিক্ষিকার ব্যক্তিগত মুঠোফোন নম্বর। শিক্ষার্থীদের সম্পর্কে প্রশাসনিক অথবা একাডেমিক যে কোন বিষয়ের সেতুবন্ধনে এই ডায়েরি অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করে থাকে।



# এক নজরে বিগত বছরের ফলাফল (বাংলা মাধ্যম)

## এসএসসি পরীক্ষার ফলাফল

### ২০১৬

| বিভাগ | মোট পরীক্ষার্থী | উত্তীর্ণ | এ+ | এ | এ- | বি | পাসের হার |
|---|---|---|---|---|---|---|---|
| বিজ্ঞান | ৩৪৯ | ৩০৯ | ২৮৯ | ৬০ | - | - | ১০০ % |
| ব্যবসায় শিক্ষা | ৫৮ | ৫৮ | ১৫ | ৪৩ | - | - | ১০০ % |
| মোট = | ৪০৭ | ৪০৭ | ৩০৪ | ১০৩ | - | - | ১০০% |

### ২০১৫

| বিভাগ | মোট পরীক্ষার্থী | উত্তীর্ণ | এ+ | এ | এ- | বি | পাসের হার |
|---|---|---|---|---|---|---|---|
| বিজ্ঞান | ২৪২ | ২৪২ | ২১৬ | ২৫ | ০১ | - | ১০০ % |
| ব্যবসায় শিক্ষা | ৭৬ | ৭৬ | ০৯ | ৬৫ | ০২ | - | ১০০ % |
| মোট = | ৩১৮ | ৩১৮ | ২২৫ | ৯০ | ০৩ | - | ১০০% |

## জেএসসি পরীক্ষার ফলাফল

| সাল | মোট | এ+ | এ | এ- | বি | সি | পাসের হার | মেধা বৃত্তি | সাধারণ বৃত্তি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ | ৪৮৬ | ৩৮২ | ১০৪ | - | - | - | ১০০% | ১০ | ১২ |
| ২০১৪ | ৩৪৯ | ২৪২ | ১০৪ | ০২ | ০১ | - | ১০০% | ০৬ | ১১ |

## প্রাথমিক সমাপনী পরীক্ষার ফলাফল

| সাল | মোট | এ+ | এ | এ- | বি | সি | পাসের হার | মেধা বৃত্তি | সাধারণ বৃত্তি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ | ৪৬৫ | ৪৩১ | ৩৩ | ০১ | - | - | ১০০% | ১৩ | ০৩ |
| ২০১৪ | ৩৫৩ | ৩২৫ | ২৮ | - | - | - | ১০০ % | - | ০১ |



## English Version

Adamjee Cantonment Public School is located in the heart of Dhaka Cantonment covering a land area of 8.82 acres. Since its inauguration on 16 February 1960, institution has been marching forward to become one of the most dignified learning centres of our country. To impart quality education, this school followed the standard of renowned public school of England Eton and Harrow. Basically it began its journey as an English Medium school. After the War of Liberation, the medium of instruction was changed to Bangla.

English Version is introdued in order to keep pace with the modern education. As per admission procedure, the first intake is taken in Class One every year. Special care of the students is our first preference. A good number of highly qualified and experienced teachers are engaged in teaching and nurturing the young minds. We train our teachers time to time to make them fully equipped with all necessary information and knowledge so that the students can receive maximum benefits in the classroom.

Adamjee Cantonment Public School has been able to earn academic excellence and appreciation of the guardians as it has been nurturing the students with great care, devotion and sincerity over the years. After every term exams, we find out the weak students and consult with their parents to decide how to expedite their improvement. We apply our all-out efforts to bring them back on right track.



# English Version Result at a Glance

## SSC

| Year | Group | Total Students | Passed | A+ | A | A- | B | Percentage |
|---|---|---|---|---|---|---|---|---|
| 2016 | Science | 38 | 38 | 29 | 09 | - | - | 100% |
| 2015 | Science | 45 | 45 | 45 | - | - | - | 100% |

## JSC

| Year | Total Students | Passed | A+ | A | A- | B | Percentage |
|---|---|---|---|---|---|---|---|
| 2015 | 53 | 53 | 50 | 03 | - | - | 100% |
| 2014 | 47 | 47 | 31 | 16 | - | - | 100% |

## PEC

| Year | Total Students | Passed | A+ | A | A- | B | Percentage |
|---|---|---|---|---|---|---|---|
| 2015 | 42 | 42 | 40 | 02 | - | - | 100% |
| 2014 | 38 | 38 | 37 | 01 | - | - | 100% |

# শিক্ষার্থীদের ইউনিফর্ম

## ক। বাংলা মিডিয়াম

| ক্র/ নং | শ্রেণি | শীতকালীন<br>ডিসেম্বর হতে ফেব্রুয়ারি পর্যন্ত | গ্রীষ্মকালীন<br>মার্চ হতে নভেম্বর পর্যন্ত |
|---|---|---|---|
| ক | প্রথম হতে তৃতীয় | নেভি ব্লু ফুল প্যান্ট, সাদা ফুল হাতা শার্ট, নেভি ব্লু সোয়েটার ও সাদা কেডস্। | নেভি ব্লু হাফ প্যান্ট, সাদা হাফ শার্ট এবং সাদা কেডস্ |
| খ | চতুর্থ থেকে দশম | নেভি ব্লু ফুল প্যান্ট, সাদা ফুল হাতা শার্ট, নেভি ব্লু সোয়েটার ও সাদা কেডস্। | নেভি ব্লু ফুল প্যান্ট, সাদা হাফ শার্ট এবং সাদা কেডস্ |


## খ। ইংলিশ ভার্সন

| ক্র/নং | শ্রেণি | শীতকালীন<br>নভেম্বর হতে ফেব্রুয়ারি পর্যন্ত | গ্রীষ্মকালীন<br>মার্চ হতে অক্টোবর পর্যন্ত |
|---|---|---|---|
| ক | English Version-I, II | গ্রে-কালার ফুল প্যান্ট, সাদা ফুল শার্ট, মেরুন সোয়েটার, সাদা কেডস্। | গ্রে-কালার হাফ প্যান্ট, সাদা হাফ শার্ট ও সাদা কেডস্। |
| খ | English Version- V to X | গ্রে-কালার ফুল প্যান্ট, সাদা ফুল শার্ট, মেরুন সোয়েটার, সাদা কেডস্। | গ্রে-কালার ফুল প্যান্ট, সাদা হাফ শার্ট ও সাদা কেডস্। |

## ছাত্রদের ইউনিফম




Summer Dress



Pant is ash Colour
(English Version)
(For I to III



Pant is Navy blue
Colour (Bangla Medium)
(For I to III)

Winter Dress







Sweater
(Bangla Medium)



Sweater
(English Version)



Pant is Navy blue
Colour (Bangla Medium)



Pant is ash Colour
(English Medium)

# ক্লাসের সময়সূচি

## প্রভাতি শিফট

| ক্লাস শুরু | |
|---|---|
| গ্রীষ্মকালীন | শীতকালীন |
| সকাল ০৭৪০ ঘটিকায় | সকাল ০৭৪০ ঘটিকায় |
| ছুটি | |
| বেলা ১২২৫ ঘটিকা | বেলা ১২০৫ ঘটিকা |

## দিবা শিফট

| ক্লাস শুরু | |
|---|---|
| গ্রীষ্মকালীন | শীতকালীন |
| বেলা ১২৪০ ঘটিকায় | বেলা ১২৩০ ঘটিকায় |
| ছুটি | |
| বিকাল ১৭৩০ ঘটিকা | বিকাল ১৬৫৫ ঘটিকায় |

# মূল্যবোধ ও প্রতিজ্ঞা

**অবশ্য পালনীয়**

- সুন্দর সুশৃঙ্খল জীবন যাপনে অভ্যস্ত হবো।
- সর্বদা সত্য বলবো এবং সৎ চিন্তা ও সৎ কর্মে অনুপ্রাণিত হবো।
- দেশ প্রেমে উদ্বুদ্ধ থাকবো এবং আর্ত-মানবতার সেবায় নিজেকে নিয়োজিত রাখবো।
- ধর্মীয় মূল্যবোধ ও মুক্তিযুদ্ধের চেতনা মনে ধারণ করবো।
- সব ধরনের অসামাজিক কর্মকাণ্ড বিশেষত নেশা ও মাদক দ্রব্য গ্রহণ থেকে বিরত থাকবো।

**পালনীয়**

- সর্বদা ইতিবাচক মনোভাব পোষণ করবো এবং আশাবাদী থাকবো।
- সর্বদা ধৈর্য্যশীল ও সহিষ্ণু হবো।
- বয়োঃজ্যেষ্ঠদের প্রতি শ্রদ্ধাশীল ও বয়োঃকনিষ্ঠদের প্রতি স্নেহপরায়ণ হবো।
- প্রতিষ্ঠানের কোন সম্পদ অপব্যবহার ও নষ্ট করবো না।
- যেখানে-সেখানে ময়লা-আবর্জনা ফেলবো না।

# উন্নয়নমূলক কর্মকান্ড




আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলে সকল ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থা করা হয়েছে।




ভাষার জন্য যারা আত্মদান করেছেন তাঁদের স্মৃতিকে অম্লান রাখতে স্কুল ক্যাম্পাসে শহীদ মিনার নির্মিত হয়েছে।

**সিসি ক্যামেরা :** স্কুলের নিরাপত্তার স্বার্থে প্রতিটি শ্রেণিকক্ষের পাশাপাশি স্কুলের দুই গেইট, করিডোরসহ সমগ্র ক্যাম্পাস সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে।

**প্রস্তাবিত মাল্টিপারপাস বিল্ডিং :** আধুনিক শিক্ষাক্ষেত্র হিসেবে গড়ে তোলার অংশ হিসেবে একটি মাল্টিপারপাস বিল্ডিং নির্মাণ হতে যাচ্ছে। প্রস্তাবিত এই মাল্টিপারপাস বিল্ডিং এ থাকবে প্রায় দেড় হাজার ছাত্র-শিক্ষকের আসন সম্বলিত একটি শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম, অধ্যক্ষ-উপাধ্যক্ষ, কো-অর্ডিনেটর ও শিক্ষকদের জন্য থাকবে অফিস কক্ষ। শরীরচর্চার জন্য থাকবে জিম্নেশিয়াম, শিক্ষকদের জন্য বিশ্রামাগার, বিজ্ঞানচর্চাকে গতিশীল করার জন্য থাকবে বিজ্ঞানাগার, জ্ঞানচর্চার জন্য আধুনিক গ্রন্থাগারসহ আরও থাকবে আধুনিক কম্পিউটার ল্যাব এবং ল্যাঙ্গুয়েজ ল্যাব।

**প্রধান প্রবেশ দ্বারে সৌন্দর্য বর্ধন:** স্কুলের সার্বিক সৌন্দর্য ফুটিয়ে তোলার জন্য প্রধান প্রবেশদ্বারকে দৃষ্টি নন্দন সাজে সুসজ্জিত করা হয়েছে। গেইটের প্রবেশ পথে বর্ণিল টাইলসের প্রশস্ত রাস্তা এবং ডান-পাশে জ্ঞানতীর্থ ভাস্কর্যের ঝর্ণার ফোয়ারা স্কুলের সম্মুখভাগকে করেছে মনোমুগ্ধ কর।



**বঙ্গবন্ধু মাল্টিপার পাস হল :** ছাত্র-শিক্ষক-শিক্ষিকাদের এক অপূর্ব মিলন মেলার তাগিদে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নির্মাণ করা হয় 'বঙ্গবন্ধু মাল্টিপারপাস হল'। ছাত্র-শিক্ষক-শিক্ষিকাদের বিভিন্ন আলোচনা সভা, বিতর্ক, সিম্পোজিয়াম এখানে অনুষ্ঠিত হয়।

## স্কুল পরিপূর্ণ ডিজিটালাইজড করার কাজ চলছে

**একজন অভিভাবক ও শিক্ষার্থী স্কুল ওয়েব সাইটের মাধ্যমে স্কুল, শিক্ষার্থীদের শিক্ষা সম্পর্কিত উন্নতি ও তথ্যসহ নিম্নবর্ণিত সুবিধাদি পাবেন**

- শিক্ষার্থী সম্পর্কিত তথ্যাদি
- পরীক্ষার ফলাফল
- শিক্ষার্থীর উপস্থিতি
- শৃঙ্খলা জনিত ঘটনাবলি
- বিভিন্ন ইভেন্টসমূহ
- নোটিশ
- অনলাইন ভর্তি
- শ্রেণিকক্ষে পরিপূর্ণ ডিজিটালাইজেশন
- শিক্ষার্থী ভর্তিসহ অন্যান্য তথ্যাদি
- শিক্ষার্থীদের বিভিন্ন ফি ও চার্জ এর রেকর্ড দেখতে পারবেন এবং অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, বিকাশ, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বেতন/চার্জ পরিশোধ করতে পারবেন।